



মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজে গতকাল সমুদ্র বিজয়ের রূপকার শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এমপি

সমুদ্র জয়' নিয়ে স্কুল-কলেজ মাদ্রাসায় বিশেষ ক্লাস

নিজের দেশের সীমা ও সম্পদকে
জানতে হবে-শিক্ষামন্ত্রী

□ স্টাফ রিপোর্টার

বাংলাদেশের 'সমুদ্র জয়' নিয়ে স্কুল, কলেজ ও মাদ্রাসায় বিশেষ ক্লাস নেয়া হয়েছে। গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শ্রেণী কার্যক্রম তরুণ আগে এ ক্লাস নেয়া হয়। রাজধানীর মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজে এই বিশেষ ক্লাস চলার সময়ে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদ উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের ক্লাস শেষে এক সফিক্ত বক্তব্যে

৩১১৫ ক ১৮

শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রী বলেন, প্রত্যেক ছাত্রছাত্রীর মাতৃভূমির সীমা-পরিমাপ, সম্পদ, স্বাধীনতা-দুর্বলতা সম্পর্কে সমাজ ধারণা করা প্রয়োজন। এ ধারণা থাকলেই তার ব্যবহারে উন্নতন, সংরক্ষণ, ইত্যাদি সম্পর্কে তারা চিন্তিত হবে, বুঝতে পাবে। তারা তৈরি হবে এক একজন গর্বিত নাগরিক হিসেবে। তিনি বলেন, সমুদ্র বিজয় বাংলাদেশের জন্য ঐতিহাসিক মাইলফলক। ভারত-মিথানমারের সাথে বঙ্গোপসাগরের জলসীমা নিয়ে স্বাধীনতা-উত্তরকাল থেকে চলে আসা ফতনিক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ইটলন-এর রায়ে একটি উজ্জ্বল স্থপ লাভ করেছে। আমরা পেরেছি বাংলাদেশের প্রায় সম-আয়তনের জলসীমা। যার পরিমাণ এক লাখ ১১ হাজার বর্গ কিলোমিটারের অধিক। তিনি আরো বলেন, আন্তর্জাতিক ট্রাইব্যুনালের রায়ে প্রাপ্ত জলসীমার তেল-গ্যাস, দাতব্য পদার্থ, মাছ, সামুদ্রিক-বিশুদ্ধ-ঔষধসমৃদ্ধ নানা সম্পদের কোমলবর শিক্ষার্থীদের জানতে হবে। এসব সম্পদ সংরক্ষণ, সংরক্ষণ, উন্নয়নে শিক্ষার্থীদের যোগ্য হয়ে গড়ে উঠতে হবে। তিনি ছাত্রছাত্রীদের আগামী দিনের অন্যতম পতি ও দক্ষ হাতিয়ার হয়ে গড়ে ওঠার আহ্বান জানান।